



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।



ওয়েবসাইট: www.rdotekhulna.gov.bd
ই-মেইল: rdokhulna@gmail.com

স্মারক নং- ৫৭.০৩.০৩.৩৩৪৫.১০৬.৯৯.২২-১৯৬

তারিখঃ ০৯/০৩/২০২২ খ্রিঃ

বিষয়: ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে ০৯.০৩.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, উপসচিব,
পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।
তারিখ ও সময় : ০৯.০৩.২০২২ খ্রিঃ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট এর সকল শহীদের এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ উদযাপন করা হবে। তিনি সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব প্রকৌ. সুশান্ত কুমার সাহা-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুমতি দেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে “২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০১.	২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালন।	১.১ ২৬ মার্চ, ২০২২ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। ১.২ শহীদের স্মরণে জেলা প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে পুষ্পার্ঘ্য অর্পণ। ১.৩ ২৬ মার্চ, ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরিচালকের কার্যালয়ে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ে আলোচনা অনুষ্ঠান। ১.৪ ২৬/০৩/২০২২ খ্রি. তারিখ সকাল ১০-০০-২.০০ পর্যন্ত অনলাইনে Zoom প্ল্যাটফর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তরস্বতন্ত্র খুলনা বিভাগের সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে মুক্তিযুদ্ধ ভিত্তিক কবিতা আবৃত্তির আয়োজন (Zoom ID: 4330327947, Passcode: 1234D)। ১.৫ “মুক্তিযুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব” শিরোনামে অনলাইনে/ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজন [লিখিত রচনা আগামী ২৪/০৩/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করতে হবে]। ১.৬ শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা [সকাল ১০.৩০-১১.৩০ ঘটিকা]। ১.৭ পরিচালকের কার্যালয়ের ভবন লাল সবুজ রংয়ের আলোক সজ্জা করণ। ১.৮ বাদযোহর শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।
ফোন : ০২৪৭৭৭০০৩৪১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।

৩। পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ ও পলিটেকনিক/ ডোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।

৪। জেলা প্রশাসক, খুলনা বিভাগ (সকল)।

৫। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।

৬। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল), খুলনা বিভাগ।

৭। সহকারী পরিচালক (১/৩/৫/৬) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।

৮। অধ্যক্ষ/ সুপারিনটেনডেন্ট/ প্রধান শিক্ষক, এমপিওভুক্ত/নন-এমপিওভুক্ত, বি.এম কলেজ/সংযুক্ত ও স্বতন্ত্র এস.এস.সি (ডোকঃ)

স্কুল/মাদ্রাসা/কলেজ/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল) এবং বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।

৯। সংরক্ষন নথি।